

তদবির অযোগ্যতা হিসেবে  
বিবেচিত হবে

মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে  
স্বয়ংক্রিয় পদ্ধতিতে নিয়োগ  
সুপারিশ করা হবে

নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.১৯.০০০১.২৬.৩০৯

তারিখ: ১১ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ  
২৫ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

**সংশোধিত বিজ্ঞপ্তি**  
**৮ম এনটিআরসিএ নিয়োগ পরীক্ষা-২০২৬**  
**(প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান)**

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে আগ্রহী যোগ্য প্রার্থীদের নিম্নরূপ অধিদপ্তরভিত্তিক শূন্য পদে পুনরায় অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৫ মার্চ, ২০২৬ তারিখের ৮৩ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক এনটিআরসিএ এর ২৯ জানুয়ারি, ২০২৬ তারিখের ১২৫ সংখ্যক স্মারকে জারিকৃত ৮ম এনটিআরসিএ নিয়োগ (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান) পরীক্ষা-২০২৬ এর বিজ্ঞপ্তি এতদ্বারা বাতিল করা হলো। ইতোমধ্যে আবেদনকৃত প্রার্থীদের আবেদন ফি অনলাইন ব্যাংকিং চার্জ এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর চ্যানেল ফি কর্তন পূর্বক অনলাইন ব্যাংকিং (নগদ, বিকাশ, রকেট ইত্যাদি) মাধ্যমে ফেরত দেয়ার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর			
ক্রম	পদের নাম	প্রতিষ্ঠান	শূন্য পদ
১	অধ্যক্ষ	স্নাতক (পাস) কলেজ	৩৭৫
২	উপাধ্যক্ষ	স্নাতক (পাস) কলেজ	৪১৩
৩	অধ্যক্ষ	উচ্চ মাধ্যমিক কলেজ	৪০৮
৪	অধ্যক্ষ	উচ্চ মাধ্যমিক বিদ্যালয়	১৫৩
৫	অধ্যক্ষ	চারুকলা ডিগ্রী কলেজ	২
৬	উপাধ্যক্ষ	চারুকলা ডিগ্রী কলেজ	৫
৭	অধ্যক্ষ	চারুকলা প্রি-ডিগ্রী	১
৮	প্রধান শিক্ষক	মাধ্যমিক বিদ্যালয়	২৮৮১
৯	সহ: প্রধান শিক্ষক	মাধ্যমিক বিদ্যালয়	৩২৯৬
১০	প্রধান শিক্ষক	নিম্নমাধ্যমিক বিদ্যালয়	৩৭৪
মোট শূন্যপদের সংখ্যা: ৯,৭০৮ টি			

কারিগরি শিক্ষা অধিদপ্তর			
ক্রম	পদের নাম	প্রতিষ্ঠান	শূন্য পদ
১	অধ্যক্ষ	ব্যবসায় ব্যবস্থাপনা	৫৮
২	অধ্যক্ষ	কৃষি	১০
৩	সুপার	ভোকেশনাল	২২
৪	সহ: সুপার	ভোকেশনাল	২২
মোট শূন্যপদের সংখ্যা: ১১২ টি			
সর্বমোট শূন্যপদের সংখ্যা: (৯,৭০৮ + ১১২ + ৩,১৩১) = ১২,৯৫১ টি (সংখ্যা কম/বেশি হতে পারে)			

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর			
ক্রম	পদের নাম	প্রতিষ্ঠান	শূন্য পদ
১	অধ্যক্ষ	কামিল	৩৪
২	উপাধ্যক্ষ	কামিল	৫৩
৩	অধ্যক্ষ	ফাজিল	২০২
৪	উপাধ্যক্ষ	ফাজিল	৩৪৩
৫	অধ্যক্ষ	আলিম	২১৯
৬	উপাধ্যক্ষ	আলিম	৩৭৭
৭	সুপার	দাখিল	৮৯৯
৮	সহ: সুপার	দাখিল	১০০৪
মোট শূন্যপদের সংখ্যা: ৩,১৩১ টি			

**১। পরীক্ষার আবেদনপত্রের লিংক:**

প্রার্থীগণকে <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রদত্ত ফরমে Online-এ আবেদন করতে হবে। বিস্তারিত বিজ্ঞপ্তিটি <https://ntrca.gov.bd> এবং <http://ngi.teletalk.com.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে।

**২। আবেদনপত্র এবং পরীক্ষার ফি জমাদানের তারিখ ও সময়:**

আবেদন শুরুর তারিখ: ২৮ মার্চ, ২০২৬ খ্রি। আবেদনের শেষ তারিখ ও সময়: ০৪ এপ্রিল, ২০২৬ খ্রি। রাত ১১:৫৯ পর্যন্ত। পরীক্ষার ফি ৩৫০/- (তিন শত পঞ্চাশ) টাকা। ০৫ এপ্রিল, ২০২৬ তারিখ রাত ১১:৫৯ পর্যন্ত টাকা জমা দেয়া যাবে।

**৩। নিয়োগ পরীক্ষার ধরন, নম্বর বন্টন, সময় ও তারিখ: MCQ, পরীক্ষার সময়: ০১ (এক) ঘন্টা।**

ক্রম	MCQ পরীক্ষার নম্বর	শিক্ষাগত যোগ্যতার সনদ	মৌখিক পরীক্ষা	মোট নম্বর	পাশ নম্বর
০১	৮০ (আশি)	১২ (বারো)	০৮ (আট)	১০০ (এক শত)	৪০% (আলাদা ভাবে)

মোট ৮০ (আশি) টি MCQ প্রশ্ন থাকবে। প্রতিটি শূন্য উত্তরের জন্য ১ (এক) নম্বর, তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ (দশমিক দুই পঁচ) নম্বর বিয়োগ হবে। MCQ পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৮ এপ্রিল, ২০২৬ খ্রি।

**৪। পরীক্ষার বিষয়সমূহ:**

বাংলা, ইংরেজি, আইসিটি, মানসিক দক্ষতা ও গাণিতিক যুক্তি, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলী), প্রশাসনিক ব্যবস্থাপনা (আইন, বিধি/প্রবিধি, নীতিমালা, পরিপত্র ও আদেশসমূহ), আর্থিক ব্যবস্থাপনা এবং অধিদপ্তর অনুসারে নিয়োক্ত বিষয়সমূহ:


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	কারিগরি শিক্ষা অধিদপ্তর	মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সাধারণ শিক্ষা ব্যবস্থাপনা	কারিগরি শিক্ষা ব্যবস্থাপনা ও কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট মৌলিক জ্ঞান	মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাপনা, আল কুরআন, হাদীস, ফিকাহ, আরবী ভাষা ও ইসলামী শিক্ষা

**৫। যোগ্যতা ও অভিজ্ঞতা:**

তিন অধিদপ্তর কর্তৃক সর্বশেষ জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা মোতাবেক কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা প্রযোজ্য।

**৬। নিয়োগ সুপারিশ প্রক্রিয়া:**

MCQ ও মৌখিক পরীক্ষা শেষে সর্বমোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রম ও প্রতিষ্ঠান পছন্দক্রম অনুসারে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর তত্ত্বাবধানে সফটওয়্যারের সাহায্যে শতভাগ অটোমেশন/স্বয়ংক্রিয় পদ্ধতিতে নিয়োগ সুপারিশ কার্যক্রম সম্পাদন করা হবে।

  
(তাসনিম জেবিক বিনতে শেখ)  
পরিচালক (উপসচিব)  
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন  
এনটিআরসিএ, ঢাকা।